



বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১২১৯০

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	<p>সহযোগী অধ্যাপক গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০১৫ ২৭টি স্থায়ী পদ সহযোগী অধ্যাপক: বাংলা-(০২টি), ইংরেজি-(০৩টি), অর্থনীতি-(০৩টি), রাষ্ট্রবিজ্ঞান-(০২টি), সমাজবিজ্ঞান-(০১টি), লোক প্রশাসন-(০২টি), গণিত-(০১টি), পদার্থ বিজ্ঞান-(০২টি), রসায়ন-(০১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং- (০১টি), ভূতত্ত্ব ও খনিবিদ্যা-(০১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ-(০১টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস-(০১টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং-(০১টি), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান-(০১টি), উদ্ভিদবিজ্ঞান- (০২টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট-(০১টি), আইন-(০১টি)।</p>	<p>ক) সহযোগী অধ্যাপক পদে আবেদনের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। খ) এমফিল অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৮(আট) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। গ) পিএইচডি অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। ঘ) শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অবদান ও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। ঙ) শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। চ) বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি স্মারক নং: বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি(শিক্ষক)/৪২৭/১০৮৮; তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০১৯ এর মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এক্ষেত্রে তারা চাইলে তাদের অভিজ্ঞতা ও যোগ্যতার নতুন অর্জন রেজিস্ট্রার বরাবর আবেদনের মাধ্যমে যুক্ত করতে পারবেন।</p>
২.	<p>প্রভাষক: গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫ ০৩ টি স্থায়ী পদ ইতিহাস ও সভ্যতা বিভাগ (০১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (০১টি), রসায়ন বিভাগ (০১টি)</p>	<p>প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বের ক্ষেত্রে প্রথম বিভাগ থাকতে হবে। জিপিএ পদ্ধতি প্রবর্তনের পরের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোন ০১(এক) টিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।</p>

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ক্রমিক নং-০১ এর জন্য ১১ (এগারো) সেট এবং ক্রমিক নং-০২ এর জন্য ০৮(আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২৫৪ বরাবর জমা দিতে হবে। আবেদন পৌছানোর সময়সীমা ১২/০৫/২০২২।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদ ও নম্বরপত্র, প্রশিক্ষণ সংক্রান্ত সনদের ফটোকপি এবং অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। এছাড়াও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	আবেদনপত্রের সঙ্গে “রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়” বরিশাল এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা থেকে গ্রেড-৪ এর জন্য ১৫০০/- টাকা ও গ্রেড-৯ এর জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

স্বা/-

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)